**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# যুক্তরাষ্ট্রীয় দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন অর্থায়ন পাওয়ার জন্য গভর্নর হোকল স্টেটে প্রথম পরিশ্রুত জলের পরিকাঠামো প্রকল্পগুলির কথা ঘোষণা করেছেন

***11টি কাউন্টিতে জলের পরিকাঠামোতে 176 মিলিয়ন মার্কিন ডলার স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় বিনিয়োগের অংশ***

***ঘোষণাটি নিউ ইয়র্কের জল ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নত করা, জল দূষণ কমানো, এবং অতি গুরুত্বপূর্ণ সুপেয় জলের সরবরাহ সুরক্ষিত রাখার জন্য সর্বসাম্প্রতিক পদক্ষেপকে উল্লেখ করে।***

গভর্নর ক্যাথি হোকল আজ জলের পরিকাঠামো উন্নত করার প্রকল্পগুলিতে 176 মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহায়তা ঘোষণা করেছেন যা টাউন অফ লিবার্টি এবং নিউবার্গ সিটিতে দ্বিপাক্ষিক পরিকাঠামো আইনের অধীনে পরিশ্রুত জল পেতে নিউ ইয়র্ক স্টেটে প্রথম প্রকল্পটি সহ জনস্বাস্থ্য এবং পরিবেশের ঝুঁকির সম্ভাবনাগুলি হ্রাস করবে। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটি কর্পোরেশন (Environmental Facilities Corporation) এর পরিচালনা পর্ষদ গুরুত্বপূর্ণ পানীয় জল এবং বর্জ্য নিষ্কাষণ প্রকল্পগুলির জন্য কম-খরচে অর্থায়নের অনুমোদন দেন এবং আগে ঘোষিত অনুদানগুলি মঞ্জুর করেন যা মাটি খুঁড়তে প্রয়োজনীয় তহবিলে মিউনিসিপ্যাল অ্যাক্সেসের অনুমোদন দেয়। উপরন্তু বোর্ড দীর্ঘমেয়াদী অর্থায়নের রূপান্তর অনুমোদন করেছে যা সম্পূর্ণ করা প্রকল্পগুলির ক্ষেত্রে পৌরসভাগুলির জন্য ঋণের সুদ মওকুফ প্রদান করে।

"কমিউনিটিগুলোকে জলসম্পদ ব্যবস্থার উন্নতি এবং জলের গুণমান উন্নয়নের ক্ষেত্রে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক নজিরবিহীন আর্থিক সহায়তা প্রদান করা অব্যাহত রেখেছে," বলেছেন গভর্নর হোকল। "আমাদের স্টেটের দেশের মধ্যে অগ্রণী পরিশ্রুত জলে বিনিয়োগের সাথে সম্মিলিতভাবে, দ্বিপাক্ষিক পরিকাঠামো আইনের অর্থায়নের প্রথম চক্রটি লিবার্টি এবং নিউবার্গে জলের পরিকাঠামো আধুনিকীকরণে সহায়তা করবে এবং এই কমিউনিটিগুলি জুড়ে জলের গুণমান উন্নত করবে।"

আজকে ঘোষণা করা অর্থায়নের মধ্যে, সুলিভান কাউন্টির টাউন অফ লিবার্টি এবং অরেঞ্জ কাউন্টিতে নিউবার্গ সিটি, নিউ ইয়র্ক স্টেটে পরিশ্রুত জলের পরিকাঠামোর জন্য দ্বিপাক্ষিক পরিকাঠামো আইনের থেকে প্রথম অর্থায়ন পাবে। টাউন অফ লিবার্টির জন্য দ্বিপাক্ষিক পরিকাঠামো আইনের অনুমোদিত অর্থায়ন, 18 মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহায়তা

প্যাকেজের অংশ হিসাবে 6.9 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং 6.9 মিলিয়ন মার্কিন ডলার স্বল্পমেয়াদী সুদ মুক্ত অর্থায়নকে অন্তর্ভুক্ত করে যা 4.5 মিলিয়ন মার্কিন ডলারের জলের পরিকাঠামো উন্নতির অনুদানকেও অন্তর্ভুক্ত করে। অর্থায়নটি সোয়ান হ্রদ বর্জ্য জল শোধনাগারটি সম্প্রসারিত এবং উন্নত করতে ব্যবহার করা হবে।

বোর্ড, নিউবার্গ শহরের জন্য দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন তহবিলেরও অনুমোদন করেছে, যা 17 মিলিয়ন মার্কিন ডলারের আর্থিক সহায়তা প্যাকেজের অংশ হিসাবে 3.5 মিলিয়ন মার্কিন ডলারের একটি অনুদান এবং 2.5 মিলিয়ন মার্কিন ডলারের সুদ-মুক্ত অর্থায়নকে অন্তর্ভুক্ত করে যা জলের পরিকাঠামো উন্নয়ন কর্মসূচি এবং ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund) থেকে অনুদানগুলিকেও অন্তর্ভুক্ত করে। এই অর্থায়ন, আর্দ্র আবহাওয়া প্রবাহের মোকাবিলা করতে এবং হাডসন নদীতে জলের গুণমান রক্ষা করতে শহরটিকে 31 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প গ্রহণ করতে সহায়তা করবে যা শহরের বর্জ্য জল শোধনাগারের ক্ষমতা বাড়িয়ে তুলবে।

**নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের সভাপতি এবং সিইও মরিন এ. কোলম্যান বলেন**, "আজকের ঘোষণাটি দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন থেকে বিনিয়োগটি দক্ষতার সাথে এবং সমানভাবে বিতরণ করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে তুলে ধরেছে। পরিশ্রুত জলের পরিকাঠামোর জন্য আর্থিক সম্পদের এই ঐতিহাসিক পর্যায় থেকে কমিউনিটিগুলি কীভাবে উপকৃত হতে পারে তা শিখতে আমি তাদের সকলকে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের সাথে কাজ করার জন্য উত্সাহিত করি।"

**নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ দপ্তরের কমিশনার (Department of Environmental Conservation) এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের চেয়ারম্যান বাসিল সেগগোস বলেন,** "আমাদের অর্থনীতি, পরিবেশ এবং আমাদের কমিউনিটির জন্য জলের পরিকাঠামো অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরিকাঠামোর আপগ্রেড ও উন্নতিতে বিনিয়োগের জন্য গভর্নর হোকলের দীর্ঘমেয়াদী প্রতিশ্রুতি শক্তিশালী এবং স্বাস্থ্যকর কমিউনিটি তৈরি করছে এবং স্টেট জুড়ে কর্মসংস্থান তৈরি করছে। আজ ঘোষিত উল্লেখযোগ্য অর্থায়নটি নিশ্চিত করতে সহায়তা করবে যে পৌরসভাগুলিকে পুরনো হয়ে যাওয়া জল ব্যবস্থাগুলি প্রতিস্থাপন এবং আপডেট করার জন্য এবং জলের গুণমান রক্ষা করার জন্য প্রয়োজনীয় সংস্থান রয়েছে।"

**নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের (Department of Health) কমিশনার ডঃ মেরি টি. বাসেট বলেন,** "পরিশ্রুত, নিরাপদ পানীয় জলের অ্যাক্সেস স্বাস্থ্যকর কমিউনিটির একটি অপরিহার্য উপাদান। জলের পরিকাঠামোতে এই বিনিয়োগের মাধ্যমে, গভর্নর হোকল আবারও আমাদের পানীয় জল সরবরাহ ব্যবস্থা রক্ষা ও উন্নত করার জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য একটি স্বাস্থ্যকর এবং পরিষ্কার পরিবেশ প্রচারের জন্য তার দৃঢ় অঙ্গীকারবদ্ধতা দেখাচ্ছেন।"

**নিউ ইয়র্কের স্টেটের সেক্রেটারি রবার্ট জে রডরিগেজ বলেন,** "দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন থেকে এই প্রথম অর্থায়নটি পৌরসভাগুলিকে, পুরানো জলের পরিকাঠামোর সাথে, বর্জ্য জল শোধনাগারগুলি উন্নত করার প্রক্রিয়া শুরু করবে, আমাদের পানীয় জল রক্ষা করবে এবং চরম আবহাওয়ার বিরুদ্ধে সহনশীলতা জোরদার করবে।"

**আইনসভার সংখ্যাগরিষ্ঠের নেতা চার্লস শুমার বলেন,** "দ্বিপাক্ষিক পরিকাঠামো বিনিয়োগ ও চাকরি আইন থেকে লক্ষীভূত, প্রভাবশালী এবং কর্মসংস্থান সৃষ্টির বিনিয়োগ এখন এম্পায়ার স্টেটের প্রতিটি কোণে প্রাচীন জল-নিষ্কাষণ ব্যবস্থাকে উন্নত করার জন্য প্রবাহিত হচ্ছে। নিউবার্গ শহর থেকে চৌতাউকোয়া কাউন্টি পর্যন্ত, এই 176 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, আমাদের পুরনো হয়ে যাওয়া জলের পরিকাঠামোতে গুরুত্বপূর্ণ উন্নয়ন করবে, আমাদের পরিবারগুলিকে সীসা, পিএফএএস এবং অন্যান্য বিষাক্ত দূষক মুক্ত নিরাপদ পানীয় জল পাওয়া নিশ্চিত করবে এবং আমাদের নদী এবং হ্রদগুলিকে বর্জ্যের উপচে পড়া থেকে মুক্ত রাখবে। উপরন্তু, এর অর্থ হল চাকরি, চাকরি, চাকরি, নিউ ইয়র্কের জলকে আরও স্বাস্থ্যকর এবং পরিষ্কার করার জন্য দীর্ঘমেয়াদী প্রকল্পগুলির মাধ্যমে আমাদের কমিউনিটিগুলিকে আরও উন্নত করে তুলবে। নিউ ইয়র্কের পুরনো হয়ে যাওয়া জলের পরিকাঠামোয় আমূল পরিবর্তন নিয়ে আসার জন্য এই ঐতিহাসিক যুক্তরাষ্ট্রীয় বিনিয়োগ সরবরাহ করতে পেরে আমি গর্বিত।"

**প্রতিনিধি শন প্যাট্রিক ম্যালোনি বলেন,** "হাডসন ভ্যালিতে প্রতিটি পুরুষ, মহিলা এবং শিশু যাতে নিরাপদ এবং নির্ভরযোগ্য পানীয় জলের অ্যাক্সেস পায় তা নিশ্চিত করার জন্য আমি দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন লিখতে সহায়তা করেছি। আমি রোমাঞ্চিত যে পরিকাঠামো আইনের তহবিল থেকে নিউবার্গের জন্য 17 মিলিয়ন মার্কিন ডলার এবং পককিপসির জন্য প্রায় 5 মিলিয়ন মার্কিন ডলার সহ কোটি কোটি ডলার আমাদের কমিউনিটির মধ্যে পরিশ্রুত জলের পরিকাঠামো সরবরাহ করার জন্য বিনিয়োগ করা হচ্ছে। এটি একটি বিরাট ব্যাপার এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের তাদের প্রাপ্য পরিশ্রুত জল পাওয়া নিশ্চিত করার জন্য আমাদের আরও এক ধাপ এগিয়ে নিয়ে যায়।"

**প্রতিনিধি প্যাট রায়ান বলেন,** "আমি এই গুরুত্বপূর্ণ অর্থায়ন ঘোষণা করতে পেরে গর্বিত, যা হাডসন ভ্যালি জুড়ে কমিউনিটিগুলিকে বিশুদ্ধ পানীয় জলের অ্যাক্সেস পেতে সহায়তা করবে। এর মধ্যে লিবার্টি, নিউবার্গ এবং পাউকিপসিতে বিনিয়োগের জন্য কয়েক মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। যেহেতু আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য সরবরাহ করা অব্যাহত রাখছি, তাই আমি স্টেট, স্থানীয় এবং যুক্তরাষ্ট্রীয় সরকারের অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

বোর্ডের অনুমোদনগুলির মধ্যে রয়েছে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund) এবং ড্রিঙ্কিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ডের (Drinking Water State Revolving Fund) মাধ্যমে অর্থায়ন, এবং জলের পরিকাঠামো উন্নয়ন প্রোগ্রাম অনুযায়ী ইতিমধ্যে ঘোষিত অনুদানগুলি।

নিউ ইয়র্ক পরিশ্রুত জলের পরিকাঠামো উন্নয়নের জন্য ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ডে দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন থেকে প্রায় 207 মিলিয়ন মার্কিন ডলার পরিশ্রুত জলের জন্য তহবিল পেয়েছে, যেমন সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা সংস্থা এবং গভর্নর হোকল ঘোষণা করেছেন। এটি এই বছর পরিশ্রুত ও পানীয় জলের পরিকাঠামোর জন্য দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন তহবিলের প্রায় 427 মিলিয়ন মার্কিন ডলারের প্রথম কিস্তি যা নিউ ইয়র্কে পাচ্ছে। দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের স্টেট রিভলভিং ফান্ড ফাইন্যান্সিং প্রোগ্রামগুলিকে পাঁচ বছরের জন্য বার্ষিক অতিরিক্ত অর্থায়নের

মাধ্যমে উত্সাহিত করবে। 2023 সালে পরিশ্রুত ও পানীয় জলের পরিকাঠামোর জন্য অতিরিক্ত 482 মিলিয়ন ডলার আশা করা হচ্ছে। এই অনুদানগুলি যুক্তরাষ্ট্রীয় আর্থিক বছর 2023 সালে নিউ ইয়র্কের ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড কর্মসূচিতে সাধারণ যুক্তরাষ্ট্রীয় তহবিলে প্রায় 125 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূরক। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটি কর্পোরেশনের মতে, ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড 2023 আর্থিক বছরে সুদ-মুক্ত বা কম সুদের হারের অর্থায়ন এবং পরিশ্রুত জল প্রকল্পের ব্যয়ের জন্য অনুদানে প্রায় 1.2 বিলিয়ন ডলার সরবরাহ করতে পারে।

দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন থেকে পানীয় জল প্রকল্পের জন্য ড্রিঙ্কিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ডে নিউ ইয়র্ককে অতিরিক্ত 220 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে বলে আশা করা হচ্ছে, যা এই বছরের পানীয় জলের পরিকাঠামোর জন্য সাধারণ যুক্তরাষ্ট্রীয় তহবিলে 45 মিলিয়ন ডলারের সম্পূরক। স্বাস্থ্য দপ্তরের অনুমান অনুযায়ী, ড্রিঙ্কিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড 2023 সালের আর্থিক বছরে সুদ-মুক্ত বা কম সুদের হারে অর্থায়ন এবং পানীয় জল প্রকল্পের ব্যয়ের জন্য প্রায় 438 মিলিয়ন ডলার অনুদান প্রদান করতে পারে। জলের পরিকাঠামোয় অর্থায়নের সুযোগগুলি সম্পর্কে আরও জানতে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটি কর্পোরেশনের, ওয়েবসাইট দেখুন।

### অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পে অর্থায়ন

- **অরেঞ্জ কাউন্টিতে নিউবার্গ শহর** - স্বল্প-মেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 2,568,662 মার্কিন ডলার এবং দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন সাধারণ সম্পূরক তহবিল থেকে 3,559,825 মার্কিন ডলার অনুদান, 5,577,500 মার্কিন ডলার ডাব্লুআইএ (WIIA) অনুদান এবং যৌথ বর্জ্য সংগ্রহ ব্যবস্থা এবং বর্জ্য জল শোধনাগার উন্নত করার জন্য 5,577,500 মার্কিন ডলার ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড অনুদান।
- **সুলিভান কাউন্টিতে টাউন অফ লিবার্টি** - 6,916,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদী সুদ-মুক্ত অর্থায়ন এবং দ্বিপাক্ষিক পরিকাঠামো আইন সাধারণ সম্পূরক তহবিল থেকে 6,916,000 মার্কিন ডলার অনুদান এবং সোয়ান লেক বর্জ্য জল শোধনাগারটি সম্প্রসারিত ও উন্নত করার জন্য 4,500,000 মার্কিন ডলার WIIA অনুদান।
- **সেন্ট লরেন্স কাউন্টির টাউন অফ হারম্যান** - বর্জ্য জল সংগ্রহ এবং পরিশোধন ব্যবস্থার উন্নতির জন্য স্বল্পমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 2,000,000 মার্কিন ডলার।
- **জেফারসন কাউন্টিতে অ্যাডামস গ্রাম** - দীর্ঘমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 3,094,942 মার্কিন ডলার এবং জল দূষণ নিয়ন্ত্রণ ফ্যাসিলিটি এবং সংগ্রহ ব্যবস্থা উন্নত করার জন্য 252,779 মার্কিন ডলার WIIA অনুদান।
- **ক্লিনটন কাউন্টিতে টাউন অফ আউজেবল** - দীর্ঘমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 5,348,808 মার্কিন ডলার এবং সংগ্রহ ব্যবস্থা এবং বর্জ্য জল শোধনাগার সংস্কারের জন্য 669,949 মার্কিন ডলার WIIA অনুদান।
- **চৌতাউকোয়া কাউন্টির টাউন অফ চৌতাউকোয়া** - চৌতাউকোয়া হাইটস সিওয়ার ডিস্ট্রিক্ট ট্রিটমেন্ট প্ল্যান্টটি নিষ্ক্রিয় করার জন্য এবং একটি পাম্প স্টেশন এবং ফোর্স মেইন নির্মাণ করার জন্য দীর্ঘমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 1,822,856 মার্কিন ডলার।

- **নিউ ইয়র্ক সিটি ওয়াটার ফাইনান্স অথরিটি (New York City Municipal Water Finance Authority)** - ঝড় প্রশমন ঋণ কর্মসূচির (Storm Mitigation Loan Program) অংশ হিসাবে নিউ ইয়র্ক সিটি জুড়ে বিভিন্ন বর্জ্য জল শোধনাগার এবং পাম্প স্টেশনগুলিতে বন্যা সুরক্ষা এবং সহনশীলতা ব্যবস্থা পরিকল্পনা, নকশা এবং নির্মাণের জন্য দীর্ঘমেয়াদী সুদ-বহনকারী অর্থায়নে 97,436,193 মার্কিন ডলার।
- **সুফোক কাউন্টি** - ঝড় প্রশমন ঋণ প্রোগ্রামের অংশ হিসাবে বার্গেন পয়েন্ট বর্জ্য জল শোধনাগারে বর্জ্য পাম্প স্টেশন সংস্কার প্রকল্পের জন্য দীর্ঘমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 6,793,302 মার্কিন ডলার।

## অনুমোদিত সুপেয় পানির প্রকল্পে অর্থায়ন

- **সাফোক কাউন্টিতে সাউথ হান্টিংটন ওয়াটার ডিস্ট্রিক্ট** - একটি নতুন উন্নত অক্সিডেশন প্রক্রিয়া পরিশোধন ব্যবস্থা তৈরির জন্য, প্ল্যান্ট নং. 10-এ 1,4-ডায়অক্সেন এবং অন্যান্য উদ্বায়ী জৈব যৌগগুলি অপসারণের জন্য 715,500 মার্কিন ডলার এমার্জিং কন্টামিনেট গ্রান্ট এবং 750,000 মার্কিন ডলার WIIA অনুদান
- **ডাচেস কাউন্টিতে সিটি অ্যান্ড টাউন অফ পককিপসি** - বিদ্যমান অতিবেগুনী জীবাণুনাশক সিস্টেমে আপগ্রেড সহ একটি শেয়ার করা জল পরিশোধন সুবিধার অপারেশন উন্নত করার জন্য বিঘ্নহীন পাওয়ার সাপ্লাই সিস্টেমের প্রতিস্থাপন এবং পাইপ গ্যালারীতে HVAC সিস্টেমের উন্নতি সহ একটি যৌথ প্রকল্পের জন্য একটি তহবিলের প্যাকেজ।
    - সিটি অফ পককিপসি - 1,081,157 মার্কিন ডলার স্বল্পমেয়াদী বাজার-হারে অর্থায়ন এবং 1,621,568 মার্কিন ডলার WIIA অনুদান যা পককিপসি যৌথ জল বোর্ড এর সিটির 2,952,600 মার্কিন ডলার পুরষ্কারের শেয়ার অন্তর্ভুক্ত করে।
    - টাউন অফ পককিপসি - 902,918 মার্কিন ডলার স্বল্পমেয়াদী বাজার-হারে অর্থায়ন এবং 1,331,032 মার্কিন ডলার WIIA অনুদান যা পককিপসি যৌথ জল বোর্ডের সিটির 2,952,600 মার্কিন ডলার পুরষ্কারের শেয়ার অন্তর্ভুক্ত করে।

- **নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল ওয়াটার ফাইন্যান্স অথরিটি** - ঝড় প্রশমন ঋণ প্রোগ্রামের অংশ হিসাবে শ্যাফট 18 এর আশেপাশের কেনসিকো জলাধারের উপকূলরেখাগুলি স্থিতিশীল করার জন্য দীর্ঘমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 9,110,530 মার্কিন ডলার।
- **স্টিউবেন কাউন্টির হর্নেল সিটি** - জল শোধনাগারের নং 1 ক্যারিফায়ার এবং স্টোরেজ ট্যাঙ্কে জল সিস্টেম আপগ্রেড, নতুন স্টোরেজ ট্যাঙ্ক নির্মাণ, জলাধার উন্নতি এবং একটি সুপারভাইজরি কন্ট্রোল এবং ডেটা অধিগ্রহণ সিস্টেমের জন্য দীর্ঘমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 3,792,500 ডলার এবং 160,654 মার্কিন ডলার WIIA অনুদান।
- **সারাটোগা কাউন্টির মেকানিকভিলি শহর** - দীর্ঘমেয়াদী সুদ-মুক্ত অর্থায়নে 2,925,000 মার্কিন ডলার এবং শহরটিকে সারাতোগা কাউন্টি ওয়াটার অথরিটি

সিস্টেমের সাথে সংযুক্ত করার জন্য 616,492 মার্কিন ডলার পানীয় জল স্টেট রিভলভিং ফান্ড অনুদান।

## পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক পরিশ্রুত জলের পরিকাঠামোতে বিনিয়োগ বাড়ানো অব্যাহত রেখেছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীন, 2022-23 প্রণীত বাজেট অতিরিক্ত 1.2 বিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দেয়, যা ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিষ্কার বায়ু এবং সবুজ কর্মসংস্থানের পরিবেশগত বন্ড অ্যাক্টের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) মোট বিনিয়োগ 4.2 বিলিয়ন মার্কিন ডলার করে। এই ঐতিহাসিক উদ্যোগ, চলমান সাধারণ নির্বাচনে ভোটারদের যে বিষয়গুলি বিশেষভাবে বিবেচনা করতে হবে তার মধ্যে রয়েছে পুরনো হয়ে যাওয়া জলের পরিকাঠামো আপডেট করতে এবং জলের গুণগত মান রক্ষা করার জন্য অর্থায়ন; বায়ু দূষণ হ্রাস এবং কম জলবায়ু-পরিবর্তনকারী নির্গমন; জীবজন্তু বা গাছপালার স্বাভাবিক আবাস অথবা জন্মস্থান পুনরুদ্ধার; তীব্র ঝড় ও বন্যা সহ্য করার জন্য কমিউনিটির ক্ষমতা জোরদার করা; বাইরের জায়গাগুলি এবং স্থানীয় খামার সংরক্ষণ; এবং অনগ্রসর কমিউনিটিগুলিতে সম্পদের 40 শতাংশের লক্ষ্য সহ কমপক্ষে 35 শতাংশ বিনিয়োগ করে সাম্য নিশ্চিত করা।

পাশাপাশি, বাজেটে পরিষ্কার পানির অবকাঠামোর অর্থায়নের জন্য আরো 500 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যা 2017 সাল থেকে স্টেটের মোট পরিষ্কার পানির বিনিয়োগ করে 4.5 বিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও এতে জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন প্রচেষ্টাসমূহের ক্ষেত্রে সহায়তা করা, টেকসই কৃষির প্রসারের জন্য কৃষি সংস্থানগুলোর উন্নতি করা, আমাদের পানির উৎসগুলো সুরক্ষিত রাখা, সংরক্ষণের প্রচেষ্টা এগিয়ে নেয়া, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা প্রদান করার জন্য পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) রেকর্ড পরিমাণ 400 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418